

বিডিইউতে মুজিব বর্ষ উপলক্ষ্যে বুক রিভিউ প্রতিযোগিতার আয়োজন

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ এর শিক্ষার্থীদের মাঝে জাতীর পিতা সম্পর্কে গভীরভাবে জানা, বই পড়ায় আগ্রহী করে তোলা ও তথ্য প্রযুক্তি ব্যবহারে দক্ষ করে তোলার লক্ষ্যে জাতীর পিতার রচিত তিনটি বই থেকে যেকোন একটি বই এর উপর সর্বনিম্ন তিন মিনিট থেকে সর্বোচ্চ পাঁচ মিনিটের ভিডিও তৈরি করতে হবে।

উক্ত প্রতিযোগিতায় শিক্ষার্থীদের মধ্যে থেকে তিনজনকে সঠিকভাবে মূল্যায়নের মাধ্যমে পুরস্কার প্রদান করা হবে।

যে বইগুলো প্রতিযোগিতার জন্য নির্ধারণ করা হয়েছে-

১. অসমাপ্ত আত্মজীবনী
২. কারাগারের রোজনামা
৩. আমার দেখা নয়চীন

শর্তাবলী:

১. বিশ্ববিদ্যালয় থেকে প্রদত্ত গুগল ফর্ম ব্যবহার করে প্রতিযোগিতার জন্য রেজিস্ট্রেশন করতে হবে।
২. বিডিইউ থেকে প্রদত্ত গুগল ড্রাইভ লিংকে ২০ তারিখ রাত ১২ টার মধ্যে বুক রিভিউ এর ভিডিও আপলোড করতে হবে।
৩. গুগল ফর্ম ও ড্রাইভ এর লিংক পরবর্তীতে যথাসময়ে প্রদান করা হবে।
৪. শিক্ষার্থীদের বিডিইউ প্রদত্ত রোল নাম্বার দিয়ে ভিডিও ফাইল এর নামে আপলোড করতে হবে।

প্রয়োজনীয় তথ্যের জন্য যোগাযোগ:

ই-মেইল: lmssupport@bdu.ac.bd

মোবাইল: ০১৭৬৪৪৯৬৩৭৫